## মৎস্য অধিদপ্তরের আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) বিষয়ক ২০২৩-২৪ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সৈয়দ মোঃ আলমগীর<br>মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা। |
| তারিখ | : | ২৪/০৩/২০২৪ খ্রি. |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | : | সভাকক্ষ (২য় তলা), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা। |

সভায় অংগ্রহণকারীগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে প্রদর্শিত হলো।

সভাপতি উপস্থিত এবং ভার্চুয়াল প্লাটফর্মে (Zoom Apps) সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। তিনি বলেন, দেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে মৎস্য অধিদপ্তর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের জন্য প্রতিনিয়ত কাজ করে যাচ্ছে এবং বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। সেবা প্রদান প্রতিশ্রুতি যথার্থ বাস্তবায়ন হলে নাগরিক সেবা প্রদানে স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা বৃদ্ধি পাবে বলে তিনি আশা প্রকাশ করেন। অতঃপর তিনি অতিরিক্ত মহাপরিচালক, মৎস্য অধিদপ্তরকে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে বক্তব্য উপস্থাপন করতে আহবান জানান।

২. জনাব মোঃ জিল্লুর রহমান, অতিরিক্ত মহাপরিচালক বিভিন্ন সেবা প্রদান বিষয়ে মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ সংস্থার সেবাপ্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ অনুসরণ করার জন্য উপস্থিত সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাবৃন্দকে নির্দেশনা প্রদান করেন। প্রদর্শিত 'সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)' মোতাবেক সকল সেবা যথার্থভাবে প্রদান করার বিষয়ে গুরুত্বারোপ করেন। এরপর তিনি উপপরিচালক (মৎস্যচাষ)-কে এ বিষয়ে বক্তব্য উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

৩. জনাব অলক কুমার সাহা, উপপরিচালক (মৎস্যচাষ) জানান মৎস্য অধিদপ্তরের ০৮টি বিভাগীয় দপ্তর, ০১ টি সামুদ্রিক মৎস্য দপ্তর এবং ০৩টি আঞ্চলিক মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ দপ্তর (মোট ১২টি দপ্তর) সভায় ভার্চুয়াল প্লাটফর্মে (Zoom Apps) সংযুক্ত আছেন। তিনি সংশ্লিষ্ট দপ্তরসমূহের ওয়েব পোর্টালে প্রদর্শিত সেবা প্রদান প্রতিশ্রুতি-এর বিভিন্ন প্রকারের সেবা যথা- নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন।

৪. অতঃপর জনাব মোঃ জুয়েল শেখ, প্রধান মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা মৎস্য অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ে একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন। তিনি 'সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪' অনুসারে সংশ্লিষ্ট দপ্তরের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। এরপর তিনি পর্যায়ক্রমে সংযুক্ত ১২টি দপ্তরের 'সেবা প্রদান প্রতিশ্রুতি' আলোচনার উদ্দেশ্যে সভায় উপস্থাপন করেন এবং বিভিন্ন পর্যবেক্ষণ ও করণীয় সম্পর্কে আলোকপাত করেন।

এরপর সভাপতি উপস্থিত সকলকে তাদের নিজ নিজ দপ্তর হতে প্রদত্ত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানান। সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করে মূল্যবান মতামত প্রদান করেন।

বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়-

**সিদ্ধান্ত-**

১. 'সেবা প্রদান প্রতিশ্রুতি'-তে শুধুমাত্র সংশ্লিষ্ট দপ্তরের আওতায় প্রদত্ত নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবাসমূহ অন্তর্ভূক্ত থাকবে।

২. অভ্যন্তরীণ সেবা-তে শুধুমাত্র সংশ্লিষ্ট দপ্তরের আওতাধীন কর্মকর্তা/কর্মচারীগণ-কে প্রদত্ত সেবা, যার সাথে উর্দ্ধতন বা অধস্তন দপ্তর জরীত নয় এরূপ সেবা অন্তর্ভূক্ত হবে।

৩. হালনাগাদকৃত 'সেবা প্রদান প্রতিশ্রুতি'-তে 'প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান'-এর ঘরে প্রাসঙ্গিক ওয়েবসাইট/আইন ও বিধি/আবেদন ফরম/নমুনা আবেদন-এর কার্যকর লিঙ্ক যুক্ত করতে হবে। লিঙ্কে ক্লিক করে যাতে সংশ্লিষ্ট অনলাইন পেজে প্রবেশ করা যায়, তা নিশ্চিত করতে হবে।

৪. ওয়েব পোর্টালে প্রদর্শিত সেবা প্রদান প্রতিশ্রুতি-এর নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবাসমূহের পুনর্বিন্যাস, নাম সংশোধন এবং যথার্থতা সংশ্লিষ্ট দপ্তর পর্যালোচনা করবে।

৫. সেবা প্রদান প্রতিশ্রুতি-এর কোন সেবা গ্রহণে নির্ধারিত ফি পরিশোধ করার বাধ্যবাধকতা থাকলে, তা সংশ্লিষ্ট আইন ও বিধি-বিধানসহ উল্লেখ করতে হবে।

৬. 'অভিযোগ প্রতিকার ব্যাবস্থাপনা' অংশে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পূর্ণ নামসহ পদ পদবী উল্লেখ থাকবে এবং নিষ্পত্তির সময়সীমা কার্যদিবসে উল্লেখ করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদ শূণ্য থাকলে শুধু পদবী উল্লেখ করতে হবে।

৭. সংশ্লিষ্ট উর্দ্ধতন দপ্তরসমূহ তার আওতাধীন জেলা, উপজেলা, মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরি, মৎস্যবীজ উৎপাদন খামার/নার্সারি এবং সামুদ্রিক মৎস্য জরিপ ব্যবস্থাপনা ইউনিট, চট্টগ্রাম-এর সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ তদারকী করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪/০৪/২০২৪

(সৈয়দ মোঃ আলমগীর)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন: ০২-২২৩৩৮২৮৬১
ই-মেইল: dg@fisheries.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২০.০৩.০৩৪.১৫- ২৩১ তারিখ: ০৪/ ০৪/২০২৩ খ্রি.

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. অতিরিক্ত মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
২. পরিচালক/প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (অভ্যন্তরীণ মৎস্য/রিজার্ভ/সামুদ্রিক/মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ/মৎস্য পরিকল্পনা ও জরিপ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা/সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৩. উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা/চিংড়ি/ ফিল্ড সার্ভিস/রিজার্ভ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৪. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/রাজশাহী বিভাগ, রাজশাহী/খুলনা বিভাগ, খুলনা/বরিশাল বিভাগ, বরিশাল/সিলেট বিভাগ, সিলেট/রংপুর বিভাগ, রংপুর/ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫. উপপরিচালক, মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ দপ্তর, ঢাকা/ চট্টগ্রাম/ খুলনা।
৬. উপপ্রধান (সামুদ্রিক), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৭. প্রধান মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৮. সহকারী পরিচালক (পরিকল্পনা শাখা), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৯. উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

(অলক কুমার সাহা)
উপপরিচালক (মৎস্যচাষ)
ফোন: ০২-২২৩৩৮১৫৯২
ই-মেইল: ddaqua@fisheries.gov.bd